STAMP AFFIXED BY
STAMP SUPERINTENDENT
CALCUTTA COLLECTORATE

সাফ বিক্রয় কোবালা :

মূল্য ছয় হাজার সাত শত ছিয়াত্তর টাকা মাত্র

| কোবালা গ্রহীতা :- | কোবালা দাতা :- |
|---|---|
| লাইট মেটাল ইণ্ডাষ্টিস, লিমিটেড, ১৯৫৬ সনের কোমপানী আইনানুসারে রেজিষ্টারীভুক্ত সীমিতদায়যুক্ত রেজিষ্টার্ড অফিস, ৪নং ম্যাঙগো লেন, কলিকাতা – ৭০০ ০০১ । | শ্রীমতি অন্নপূর্ণা নিয়োগী, স্বামী ঁতারক চন্দ্র নিয়োগী জাতি হিন্দু, পেষা গৃহস্থালী হাল সাকিন গ্রাম হোয়েরা থানা ধারা, জিলা হুগলী । |

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ০'২৪ শতক অর্থাত্ ষোল কাঠা পনের ছটাক দুই স্কোয়ার ফিট শালি জমি মায় তদ্সংনিহিত সর্ব্বপ্রকার ইজমেণ্ট স্বত্বাদি দরবস্তু হক হকুক সমপত্তি সমপূর্ণ

নিদর্দায়

2-30 ~~x~~ 27th

Feb ~~May~~ 83

Annapurna Neogy

অন্নপূর্ণা নিয়োগী

[illegible stamp]

7/2/83

Execution admitted : Her

Annapurna Neogy
L. Tarak ch. Neogy
Hayera Magra
Hindu
house wife.

411
~~408~~



অন্নপূর্ণা নিয়োগী

[signature]

Malay Koley
Sushil Kr. Koley
Hayera Magra
Hindu
Business

[signature]

[illegible stamp]

7/2/83

Idnt
Malay Koley.

নির্দায় নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালাপত্র মিদং কার্য্যনঞ্চাগে :-

জেলা হুগলী থানা মগরা জে: এল: নং ১, রে: সা: নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা মধ্যে জিলা কালেক্টারীর ৫৪ নং তৌজি ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৭৩৯ নং খতিয়ানের বার্ষিক মোট টাকা ২।।/২ (দুই টাকা নয় আনা দুই পাই ) টাকা খাজনায় রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট ১৬০৫ ও ১৬৪৩ নং দাগ ভুক্ত ০.২৪ শতক শালি জমিও অন্যান্য দাগের জমি অত্র কোবালা দাতা তারিখ ৬-১-১৯৭০ সালে তাঁহার মাতা শ্রীমতি আনন্দময়ী দাসী কর্ত্তৃক সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত একবেতা দানপত্র মূলে প্রাপ্ত হইয়া উক্ত ০.২৪ শতক জমি ভোগ দখল করিতে থাকেন এবং বিগত রিভিসন্যাল জরিপে উক্ত শ্রীমতি আনন্দময়ী দাসীর নাম রায়ত দখলিকার স্বত্বে লিপিবদ্ধ হয় । তদনন্তর উক্ত শ্রীমতি অন্নপূর্ণা নিয়োগী অর্থাত্ অত্র কোবালা দাতা উক্ত সম্পত্তি ভোগ দখল থাকা কালীন উক্ত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব করায় অত্র কোবালা দাতা উক্ত ১৬০৫ ও ১৬৪৩ নং দাগের চিহ্নিত মতে ও নির্দিষ্ট ১৬ কাঠা ১৫ ছটাক ২ স্কোয়ার ফিট বা .২৪ শতক শালি জমি মায় ইজমেণ্ট ও আওলাতাদি ও অন্যান্য স্বত্বাদি সহ সর্ব্বপ্রকারের স্বত্বাধিকার সহ সম্পত্তি আপনি কোবালা গ্রহিতা ১৯৫৬ সনের কোম্পানী আইন অনুসারে রেজিষ্ট্রীভুক্ত লাইট মেটাল ইণ্ডাষ্ট্রীস্ লিমিটেড্ কলকারখানা অফিস ইত্যাদি স্থাপনের উদ্দেশ্যে বিঘা প্রতি ৮,০০০্ (আট হাজার টাকা) পণে বিক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও আমি অত্র কোবালা দাতা নানা কারনে ও দেনাদি পরিশোধের নিমিত্ত নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খাস দখলীয় উক্ত জমির ১৬০৫ ও ১৬৪৩ নং দাগের অন্তর্গত মাপসুরত ০.২৪ শতক শালি জমি মায় সর্ব্ববিধ ইজমেণ্ট

7/12/83

ও আওলাত ও সর্ব্বপ্রকার স্বত্বাদি একত্রে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা আপনার নিকট হইতে বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা ছয় হাজার সাত শত ছিয়াত্তর টাকা পণ গ্রহণ করিয়া ও উক্ত পণ মূল্যে অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পণ মূল্যের সমুদয় মোতাবেক টাকা ৬,৭৭৬.০০ (ছয় হাজার সাত শত ছিয়াত্তর টাকা) পণ নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করত: চিরতরে নি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম। এবং বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে ও অন্যান্য সরকারী ও বে-সরকারী সংস্থায় আমার নামের পরিবর্ত্তে নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্ব্বক দান বিক্রয় বিলি পত্তনাদি সর্ব্বপ্রকারে হস্তান্তর অবস্থিতির ও ইঁট ইমারতাদি নির্ম্মানের স্বত্বাধিকার সূত্রে সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত ভূম্যাদিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল লভ্য হক হকিয়ত্‌ ছিল বা আছে তাহা অদ্য হইতে নির্ব্যূঢ় স্বত্বে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার বরাবর নির্ব্যূঢ় স্বত্বে বর্ত্তাইল বা অর্শাইল। কস্মিনকালে আমি কিংবা আমার ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতো-ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি আমি

ইতিপূর্ব্বে

7.2.43

ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতা ব্যতীত অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারনে কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই। অথবা বিক্রীত জমি সম্পর্কে কোন অফিস আদালতে কোন মামলা মোকদ্দমা চলিত নাই বিক্রীত জমি ব্যাঙ্কের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ বা কোন আদালত কর্ত্তৃক কোন কারনে ক্রোকাবদ্ধ নাই। বিক্রীত জমি দেবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি গভর্ণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক রিকিউজিশন এ্যাকুই-জিশান করা হয় নাই। অথবা বিক্রীত জমি কোন প্রকারের সরকারে কোন কারনে বা কোন আইন বলে ভেসেটড হয় নাই বা কোন প্রকার এসাইনমেণ্টের অন্তর্ভুক্ত হয় নাই। বিক্রীত জমি অল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী কোনপ্রকার লীজ প্রদান বা ভাড়া বন্দোবস্ত দেওয়া হয় নাই। উক্ত জমিতে কোন বর্গাদার নাই বা কাহারও নাম বর্গাদাররূপে রেকর্ড হয় নাই। বিক্রীত ভূমি আমি কাহাকেও বেনাম করি নাই বা আমি কাহারও বেনামদার নহে। উহা সম্পূর্ণ নিদদায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালে আপনার নিকট বিক্রয় করত: বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের ন্যূনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ দখলের কোন প্রকার হানি বা ক্ষতি হইলে আমি তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব। এবং আইনত: ক্ষতিপূরণ সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালীন ফেরত দিতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রেতা

7/2/83

বিক্রীত জমির টাইটেল সম্পর্কীয় নিম্ন 'খ' তপশীলে বর্ণিত কাগজ পত্র দলিলাদি যাহা আমার নিকট আছে তাহা আপনাকে অর্পণ করিলাম ও অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে অন্য কাগজাদি থাকিলে বা প্রকাশ পাইলে আমি কোন অফিস আদালত সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বে-ওজর আপনার তলব মত যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য থাকিব ও উপস্থিত হইয়া আপনার অনুকূলে দিতে বাধ্য ও সম্মত রহিলাম ।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষক কোন সংশোধনী দলিল বা সাপ্লীমেণ্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বে-ওজর বিণা পণে আপনার খরচায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজেষ্টরী করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিণা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের মূল্যের সমুদয় টাকা একতালীন নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম । ইতি — সন ১৩৪৯ সালের ২৪শে মাঘ ইংরাজী - ১৯৪৩ সালের ৭ই ফেব্রুয়ারী ।

7/12/83

'ক' তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

জেলা হুগলী থানা মগরা সব-রেজেষ্টরী চুঁচুড়া এলাকাধীন জে: এল: নং ১, রে: সা: নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা । জেলা কালেক্টারীর ৫৪ নং তৌজি ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন বিগত রিভিসন্যাল জরিপে লিপিবদ্ধ - নিম্ন খতিয়ান ও দাগের অন্তর্গত রায়ত দখলকার স্বত্ব বিশিষ্ট ১৬০৫ ও ১৬৪৩ নং দাগের পৃথক চিহ্নিত ০·২৪ শতক বা ষোল কাঠা পনের ছটাক দুই স্কোয়ার ফিট শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেণ্ট স্বত্বাদি দরকস্তু হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । বিক্রীত জমির হারাহারি খাজনা বার্ষিক ১·৭২ টাকা মাত্র ।

| খতিয়ান নম্বর | দাগ নম্বর | শ্রেণী | দাগের জমির পরিমান | বিক্রীত জমির পরিমান | বার্ষিক খাজনা | হারাহারি খাজনা |
|---|---|---|---|---|---|---|
| ৭৩৯ | ১৬০৫ | শালি | ০·১৭ | ০·১৭ | ২·৫৪ পঃ | ১·৭২ |
| | ১৬৪৩ | শালি | ০·১১ | ০·১১ | | |
| | | | | ০·২৪ শতক | | |
| | | | | বা | | |
| | | | | ষোল কাঠা পণের ছটাক দুই স্কোয়ার ফিট | | |

7/12/43

'খ' তপশীল বর্ণিত দলিলাদির পরিচয় :-

১। শ্রীমতি আনন্দময়ী দাসীর ৬-১-১৯৭০ সালের সমপাদিত ও রেজিষ্ট্রীকৃত একবেতা দান পত্র দলিলের (১৯৭০ সালের ৬৮নং দলিল) নকল।

২। মৌজা হোয়েরার জিলা জরিপের খতিয়ান নং ৪৭২ র নকল।

৩। মৌজা হোয়েরার রিভিসন্যাল জরিপের খতিয়ান নং ৭৩৯র নকল।

৪। খাজনার রশিদ ( তারিখ ) সাল

পণের টাকার জায় :-

| | | |
|---|---|---|
| বায়না বাবদ ৫ই আগষ্ট ১৯৮২ তারিখে লওয়া .... | টাকা | ১৩৫,০০ |
| **অগ্রিম ১৩/১/৮৩ তাং লওয়া বাবদ .....** | **টাকা** | **৫০'০০** |
| বকী পণের টাকা ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, মগরা শাখার উপর দেয়ত ব্যাঙ্ক ড্রাফট নং TT/BD ৫11896 তারিখ ৩১শে জানুয়ারী ১৯৮৩ সাল। | টাকা | ৬,৫৯১'০০ |
| | মোট টাকা | ৬,৭৭৬'০০ |

( মোট টাকা ছয় হাজার সাত শত ছিয়াত্তর টাকা মাত্র )

সাক্ষীকারকগণ :-

১। দেবব্রত চ্যাটার্জী
হোয়েরা হুগলী

২। [illegible]
হোয়েরা
হুগলী

অন্নপূর্ণা গোস্বামী

7/2 83

1220
34
1254
223.

তারিখ : ইংরাজী ..৭ই ফেব্রুয়ারী ১৯৮৩
বাংলা ..২৪শে মাঘ...১৩৮৯

---কোবালা গ্রহীতা ---

লাইট মেটাল ইণ্ডাষ্ট্রীস লিমিটেড

ও

--- কোবালা দাতা---

শ্রীমতি অনন্নপূর্ণা নিয়োগী

সাফ বিক্রয় কোবালা :

I
6
282 ... 289
359
83

অর, ডিনাম এণ্ড কোং
এ্যাডভোকেটস,
২৯, নেতাজী সুভাষ রোড
কলিকাতা